


স্মারক নং-৪৬.৪৩.৮৮০০.০০৫.১৬.০০২.১৭- ৪৩৬

তারিখ : ২৬/৭/২০১৭খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিরাজগঞ্জ জেলার হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর পদে নিয়োগের লিখিত পরীক্ষা আগামী ১১/০৮/২০১৭ খ্রি. তারিখ রোজ শুক্রবার সকাল ১০.০০ ঘটিকার সময় অনুষ্ঠিত হবে। হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর পদে লিখিত পরীক্ষার কেন্দ্র রোল নম্বর ০১ হতে ৮০০ পর্যন্ত “সবুজ কানন স্কুল এন্ড কলেজ, সিরাজগঞ্জ” এবং রোল নম্বর ৮০১ হতে ১৪২৩ পর্যন্ত “হেমবালা উচ্চ বালিকা বিদ্যালয়, সিরাজগঞ্জ” নির্ধারণ করা হয়েছে। প্রার্থীদের বর্তমান ঠিকানার অনুকূলে পুনরায় প্রবেশপত্র ইস্যু করা হয়েছে। প্রার্থীকে অবশ্যই মূল প্রবেশপত্র দেখিয়ে কেন্দ্রে প্রবেশ করতে হবে। কেউ প্রবেশপত্র না পেলে আগামী ১০/০৮/২০১৭খ্রি. অফিস চলাকালীন সময়ের মধ্যে এ কার্যালয়ের স্থানীয় সরকার শাখায় (কক্ষ নং-২১২) ছবি সহ যোগাযোগ করে প্রবেশপত্র সংগ্রহের জন্য বলা হলো।


(আবু নূর মোঃ শামসুজ্জামান)
উপ-পরিচালক
স্থানীয় সরকার, সিরাজগঞ্জ

ও
সদস্য সচিব
ইউপি সচিব ও

হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর
নিয়োগ বাছাই কমিটি।

অনুলিপি :

- ০১। উপজেলা নির্বাহী অফিসার,.....(সকল), সিরাজগঞ্জ। তাকে বিজ্ঞপ্তিটি উপজেলা ওয়েব পোর্টাল, ডিজিটাল ডিসপ্লে বোর্ড এবং সকল সরকারি অফিসের নোটিশ বোর্ডে টাংগিয়ে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ০২। সহকারী কমিশনার, আই সি টি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ। তাকে বিজ্ঞপ্তিটি জেলা ওয়েব পোর্টালে ও ডিজিটাল ডিসপ্লে বোর্ড এবং জেলা প্রশাসনের ফেসবুক পেজে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ০৩। সম্পাদক,....., সিরাজগঞ্জ। তাকে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের নিমিত্ত স্বল্পহার প্রযোজ্য পৃষ্ঠায় আগামী ০৮/৮/২০১৭খ্রি. এর মধ্যে এক দিনের জন্য প্রকাশ করে ০৩(তিন) কপি অত্রাফিসে দাখিলের জন্য অনুরোধ করা হলো।